দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 31 ■ 3rd August 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

DR. K.R. ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
Pioneer in Paramedical Education since 2003
Student Credit Card Facility
DIPLOMA COURSES (2 Years)
● DOS & OT ● DMLT ● DMRT ● DPT ● DDT & OH ● DECG & PFT ● DPA & ED
● DDT ● DCCT ● ADCLP ● DOTT ● DAT
Eligibility : HS (10+2) or equivalent
Kalyani WEBEL I.T Park, Phase-II
Website: www.kradhikarycollege.org | 9339218894 / 9477425536 / 8100149510

## উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ছেলেমেয়েদের জন্য

# রেলে ২২,২৩৯ স্টেশন মাস্টার, ক্লার্ক, গার্ড, জুনিঃ ইঞ্জিনিয়ার

## ১৪,২৮৮ স্টেশন মাস্টার, ক্লার্ক, গার্ড, টাইপিস্ট

**দরখাস্ত নেওয়া শুরু হবে আগস্টে**

নিজস্ব প্রতিনিধি : ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতায় অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,৪০৪টি ও গ্র্যাজুয়েট যোগ্যতায় গুডস ট্রেন ম্যানেজার, স্টেশন মাস্টার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর, জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট ও সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১০,৮৮৪টি শূন্যপদের জন্য এবছর দরখাস্ত নেওয়া হবে। ☞ এরপর ১২ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
Tech - Govt Jobs
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## ৭,৯৫১ জুনিয়র ইঞ্জিনিয়ার, সুপারিন্টেন্ডেন্ট

**দরখাস্ত করার শেষ তারিখ ২৯ আগস্ট**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে 'জুনিয়র ইঞ্জিনিয়ার', 'ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট', 'কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট', কেমিক্যাল সুপারভাইজর, রিসার্চ অ্যান্ড মেটেলার্জিক্যাল সুপারভাইজর / রিসার্চ ☞ এরপর ৪ পাতায়

## স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে উচ্চমাধ্যমিক যোগ্যতায়

# কেন্দ্রীয় সরকারে ২,০০৬ স্টেনো

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে ২০০৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১-৮-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১-৮-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হবে গ্রুপ-বি নন-গেজেটেড অফিসার পদে। মূল মাইনে পে ব্যান্ড অনুযায়ী। ☞ এরপর ৭ পাতায়

# কোর্টে ৭৪ স্টেনো, ক্লার্ক, গ্রুপ 'ডি'

**নিজস্ব সংবাদদাতা :** রায়গঞ্জ জেলা জাজেস কোর্ট 'ইংলিশ স্টেনোগ্রাফার', 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'প্রসেস সার্ভার', 'গ্রুপ-ডি (পিওন, ফরাস, নাইট গার্ড) পদে ৭৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য :

**ইংলিশ স্টেনোগ্রাফার :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩২১০০-৮২৯০০ টাকা। শূন্যপদ : ২টি (ও.বি.সি. -বি ক্যাটেগরি ই.সি. ১টি, তঃউঃজাঃ ১টি)। ☞ এরপর ৩ পাতায়

# রিজার্ভ ব্যাঙ্কে ৮৮ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) জেনারেল', 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) ডি.ই.পি.আর.' ও 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) -(ডি.এস.আই.এম.)' পদে ৮৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অফিসার, গ্রেড-বি (ডি.আর.) (জেনারেল) : মোট অন্তত ৬০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, মোট অন্তত ☞ এরপর ১২ পাতায়

## জেলা স্বাস্থ্য দফতরে

# ১০৯ নার্স

**নিজস্ব সংবাদদাতা, বারাসাত :** উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি স্টাফ নার্স পদে ১০৯ জন ছেলেমেয়ে নিচ্ছে। ☞ এরপর ৩ পাতায়

# স্টেট ব্যাঙ্কে ২৭৩ অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'রিলেশনশিপ ম্যানেজার' পদে ২৭৩ জন লোক নিচ্ছে।

যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কোনো পাব্লিক, প্রাইভেট, ফরেন ব্যাঙ্ক, ব্রোকিং বা, সিকিউরিটি সংস্থায় রিলেশন ম্যানেজার (ওয়েলথ ম্যানেজার) হিসাবে অন্তত ৩ বছর ☞ এরপর ৭ পাতায়

# কম পুঁজিতে কাগজের ব্যাগ তৈরি

**ব্যবসা**

### কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

নিজের পায়ে দাঁড়াতে হলে নিজেকেই উদ্যোগী হতে হবে। আর উদ্যোক্তা হতে হলে



সিদ্ধান্ত নিতে হবে অল্প পুঁজিতে শুরু করা যায় কোন ব্যবসা। কাগজের ব্যাগ / শপিং ব্যাগ কেনাকাটায় অত্যন্ত প্রয়োজনীয় ও জনপ্রিয়। কম পুঁজিতে অনেকেই এ ব্যবসা শুরু করতে পারেন।

ছোটোখাটো দোকানে সারা বছর শপিং ব্যাগের দরকার হয়। সারা দেশে এখন কেনাকাটায় জনপ্রিয় এ ধরনের ব্যাগ। শপিংয়ের জন্য ক্রেতারা কাগজের ব্যাগকেই বেশি পছন্দ করেন। বিভিন্ন উৎসব, পুজোপার্বণের কেনাকাটায় এসব ব্যাগের চাহিদা এখন অনেক বেড়ে গেছে। তাই এই ব্যবসায় প্রচুর লাভের সম্ভাবনা। ☞ এরপর ৬ পাতায়

# জীবনবিমায় ২০০ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এল.আই.সি. হাউসিং ফিনান্স লিমিটেড 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদে ২০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদে যোগ্য : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো ☞ এরপর ২ পাতায়

# তরুণ-তরুণীদের উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে কল্যাণীতে ২ দিনের জমজমাট কেরিয়ার ফেয়ার

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** শনিবার ও রবিবার 'কর্মসংস্থান' আর Appointment & Career News পত্রিকার উদ্যোগে কল্যাণী স্টেডিয়ামে দ্য গ্র্যান্ড আরিয়ান্স হোটেল ছিল নদিয়া, উত্তর ২৪ পরগনা, হুগলি, হাওড়া জেলার ছাত্রছাত্রীদের ভিড়ে ভিড়াক্কার। মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট আর পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা নিজেদের ☞ এরপর ৬ পাতায়



## বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** 'স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি'তে হেলথকেয়ার ও প্যারামেডিক্যাল সংক্রান্ত কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ কারিগরি সংসদের অধীনে নীচের এইসব প্রতিষ্ঠানটির প্যারামেডিক্যাল কোর্সের প্রশিক্ষণ শুরু হয় ২০০৩ সাল থেকে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন মন্ত্রকের অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাক্টিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান তৈরি করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টিরও বেশি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়োগ করা হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। কেন্দ্রীয় সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৪-'২৫ শিক্ষাবর্ষে নীচের এইসব কোর্সে ভরতি চলছে— সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) : অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) Phlebotomy (ব্লাড কালেক্টর); ৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) এক্স-রে ইমেজিং টেকনোলজি। কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা-৭০০০১৪ মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬ ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮। Website : www.ssmtskill.com

— বিজ্ঞাপন

# সরকারি চাকরির প্রস্তুতিতে আলোর দিশা দেখাচ্ছে বহরমপুরের 'উড়ান এডুকো'

করোনা পরবর্তী সময়ে সরকারি চাকরির পরীক্ষাগুলিতে বিরাট বদল লক্ষ্য করা যাচ্ছে। পরীক্ষার অপ্রতুলতার পাশাপাশি হাড্ডাহাড্ডি লড়াই, পরীক্ষার সিলেবাস বা প্রশ্নপত্রের ধরনের বদল ইত্যাদি কারণে পরীক্ষাগুলি হয়ে উঠছে কঠিন থেকে কঠিনতর। এর জন্য সাধারণ মানের ছেলেমেয়েদের তো বটেই, ভালো মানের ছেলেমেয়েদেরও নিয়মিত প্রস্তুতি, সময় ধরে অনুশীলন ও বিষয় ভিত্তিক দক্ষতা বৃদ্ধির প্রয়োজন। চাকরীপ্রার্থীকে নিজের লক্ষ্য নির্ধারণ করে সময় হাতে নিয়ে সিলেবাস, প্রশ্নের ধরন অনুযায়ী সম্পূর্ণ প্রস্তুতি শুরু করা দরকার। এই ব্যাপারে সব ধরনের ছেলেমেয়েদের সম্পূর্ণ প্রস্তুতির দিশা দেখাচ্ছে Udaan Educo – Institute of Multipurpose Studies. এখানে ছেলেমেয়েদের আর্থিক অবস্থা বিবেচনা করে মাসিক ফি তে WBCS, Rail, Bank, SSC, Police, TET, ANM GNM, UGC NET ইত্যাদি পরীক্ষার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বিষয় ভিত্তিক অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর ক্লাস, বিভিন্ন মক টেস্ট, ক্লাস টেস্ট, হোম ওয়ার্ক, আপডেটেড মেটেরিয়াল সহযোগে চাকরির পরীক্ষার সময়োপযোগী প্রস্তুতির সেরা ঠিকানা হয়ে উঠছে এই সংস্থা। এই সংস্থায় মেধা অনুযায়ী ক্লাস ব্যবস্থা, WBCS-এর সব জিএস পেপারের জন্য Descriptive Class, সব পরীক্ষার Interview preparation, Spoken English ও Motivational class এর ব্যবস্থা আছে। এছাড়াও থাকছে 100% পর্যন্ত স্কলারশিপ পাওয়ার সুযোগ। আসন্ন PSC ও পুলিশের পরীক্ষাগুলির জন্য Free Mock Test দেওয়ার সুযোগ থাকছে সবার জন্য। প্রস্তুতি, Mock Test এর জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — উড়ান এডুকো, 3/20/2 K. K. Banerjee Road, Berhampore, Murshidabad. Phone : 9046853164. Mail ID : udaaneducobrh@gmail.com

# সিপেটে প্লাস্টিক্স প্রযুক্তির ৪ কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি, হলদিয়া :** কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যালস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (CIPET) ৪টি প্লাস্টিক্স প্রযুক্তির কোর্সে ভরতি নিচ্ছে। এই সব কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল- (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি (DPT), মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৩ বছর। (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি (DPMT), মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৩ বছর। (৩) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক মোল্ড ডিজাইন উইথ ক্যাড /ক্যাম (PD-PMD with CAD/CAM)। সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ দেড় বছর। (৪) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং (PGD-PPT সায়েন্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন মেয়াদ ২ বছর। যারা সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক বা ২ বছরের আইটিআই পাশ করেছেন তারা সরাসরি DPT ও DPMT কোর্সের ২য় বছরে ভরতি হতে পারেন। সীট সীমিত ও আগে আসার ভিত্তিতে সুযোগ। সব কোর্সে পাশ করার পর চাকরির সুযোগ আছে। ছেলেমেয়েদের থাকার জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। ভরতির জন্য আবেদনের শেষ দিন ৩১ আগস্ট। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যালস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, হলদিয়া। ফোন : ৯০০২১৩২৩২৮, ৯৭৪৯০৪২১৮৯। Email : ltc-haldia@cipet.gov.in

## ১০৯ নার্স

১ পাতার পর

জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১০৯টি (জেনাঃ ৫৯, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৮)। এই পদের মেমো নং : CMOHN/HSS-112/6436, Dated: 18-07-2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.north24parganashealth.org, www.wbhealth.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি. ৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

**নিজস্ব সংবাদদাতা, হাজারিবাগ :** ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলার আনন্দ কলেজে ফিজিক্স, কেমিস্ট্রি, সোশিওলজি, বাংলা, সফটওয়্যার ডেভেলপমেন্ট বিষয়ে 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের জন্য কিছু ছেলেমেয়ে নেওয়া হবে। চাকরি হবে চুক্তিভিত্তিক। শিক্ষাগত যোগ্যতা, বয়স ও আবেদন জমা দেওয়ার শেষ তারিখ-সহ বিস্তারিত জানতে সরাসরি যোগাযোগ করুন এই ফোন নম্বরে 9113398036. ওয়েবসাইট : https://annadacollege.ac.in

**VIDYASAGAR SCHOOL OF SOCIAL WORK**
(Affiliated to Vidyasagar University)
Recognized under Section 2(f) of the UGC Act, 1956
DD-18/4/1, Sector- I, Salt Lake City, Kolkata- 700 064.

**Admission Notice (2024-2025)**

Online/ Offline Applications are invited for the following Courses (Regular/ Full time)

- **BSW (Bachelor of Social Work Honours)**
  4 years (8 Semesters) Eligibility- 10+2 (Any Stream)
- **MSW (Master of Social Work)**
  2 years (4 Semesters), Eligibility- Honours in any subject OR Graduate with 45% marks OR Deputed (Govt. / NGO) Candidate with 40% marks in Graduation under 10+2+3 system.
- **Post Graduate Diploma in Psychological Counselling**
  1 Year Evening, Day: Mon, Tues, Wed & Sat, Time: 5:30 pm to 8:00 pm
  Eligibility: Any Graduate (10+2+3) Age not exceeding 55 Years.

Application forms and prospectus are available on www.jpinstitute.org OR from the College, Application Deadline: 31st August, 2024

Admission Helpline No: 98302 82979 / 033-2321 3230 / 033-2337 6695

## কোর্টে ৭৪ স্টেনো, ক্লার্ক

১ পাতার পর

**লোয়ার ডিভিশন ক্লার্ক :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটার অপারেশনে যথার্থ ফিঙ্গারিং স্পিড ও টাইপিং যোগ্যতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ৭, জেনাঃ ই.সি. ৪, জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ৪, তঃজাঃ ই.সি. ২, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২, ই.ডব্লু.এস. ই.সি. ২)।

**লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটার অপারেশনে যথার্থ ফিঙ্গারিং স্পিড ও টাইপিং যোগ্যতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৮,৯০০-৭৪,৫০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ই.সি. ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, তঃজাঃ ১, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১)।

**প্রসেস সার্ভার :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। কম্পিউটার চালনায় দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,০০০-৫৪,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, জেনাঃ প্রতিবন্ধী ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ২)।

**পিওন / ফরাস / নাইট গার্ড (গ্রুপ-ডি) :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,০০০-৫৪,০০০ টাকা। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ৭, জেনাঃ ই.সি. ৩, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ই.সি. ১, ই.ডব্লু.এস. ৩)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ইংলিশ স্টেনোগ্রাফার পদের বেলায় ৩টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে জেনারেল ইংলিশ বিষয়ে ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষা হবে। দ্বিতীয় পেপারে ডিকটেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট (২০০ নম্বরের)। সময় থাকবে ৪৫ মিনিট। তৃতীয় পেপারে ১০০ নম্বরের কম্পিউটার টাইপিং টেস্ট। সময় ১০ মিনিট। সবশেষে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও ২০ নম্বরের কম্পিউটার চালনার দক্ষতা দেখা হবে।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ২টি পার্ট থাকবে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংলিশ, বাংলা, জেনারেল নলেজ আর অ্যারিথমেটিক। সময় থাকবে দেড় ঘন্টা। দ্বিতীয় পার্টে থাকবে ইংরিজি ও বাংলা বিষয়ের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। প্রতিটি পার্টে থাকবে ৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। এরপর ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও কম্পিউটার টেস্ট।

প্রসেস সার্ভার, পিওন, নাইট গার্ড পদের বেলায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের ইংরিজি, বাংলা, জেনারেল নলেজ ও বেসিক অঙ্ক। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : 22/DRC, Date: the 25th day of July, 2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.gov.in, www.northdinajpur.dcourts.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০০×১২০ পিক্সেলে), সিগনেচার (১৬০×৭০ পিক্সেলে), শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কম্পিউটার ট্রেনিং সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধী সার্টিফিকেট ও মেধাবী খেলোয়াড় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ স্টেনো পদের বেলায় ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩০০) টাকা, লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকা, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩০০), প্রসেস সার্ভার পদের বেলায় ৪০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) আর পিওন পদের বেলায় ৩০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই.-এ জমা দেবেন। এছাড়াও ই-ওয়ালেটে জমা দিতে পারবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত**

**বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ**

**নিজস্ব সংবাদদাতা :** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্সে ভর্তি চলছে। বিজ্ঞান বা ভোকেশনাল বিষয়ে উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

**NSIC TECHNICAL SERVICES CENTRE**
Govt. of India Enterprise | Ministry of MSME
Japanigate, Balitikuri, Howrah

প্রশিক্ষন প্রাপ্ত সফল ছাত্র-ছাত্রীদের জন্য চাকরির সুযোগ

**ITI Courses offered**
- FITTER (2 YEARS)
- WELDER (1 YEAR)
- SURVEYOR (2 YEARS)
- DMM (2 YEARS)
- MACHINIST (2 YEARS)
- ELECTRICIAN (2 YEARS)
- TURNER (2 YEARS)

SEATS LIMITED

**Why NSIC?**
- SCOPE FOR 100% PLACEMENT ASSISTANCE
- ON JOB TRAINING
- IN-HOUSE NABL TESTING LAB
- EXPERIENCED FACULTY
- MODERNIZED TOOL ROOM
- ECO-FRIENDLY CAMPUS

FOR ADMISSION. CONTACT: 8910394968 / 8777828421 / 9433048241



# ৭,৯৫১ জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

পদে ৭,৯৫১ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল / জেনারেল সার্ভিসেস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৭টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ পূর্ব রেলে) ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল (ই.এম.ইউ. অ্যান্ড টি.আর.এস.) :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৫৫টি (জেনাঃ ২৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৬)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল / টি.আর.ডি. :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২৭টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল (ওয়ার্কশপ) :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/সিভিল (পি-ওয়ে অ্যান্ড ব্রিজ) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের বি.এস.সি. কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২০টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৪৩টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৩)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৩২টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৬)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/সিভিল (ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের বি.এস.সি. কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ পূর্ব রেলে) ৯টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৩৬টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/সিভিল (ওয়ার্কস অ্যান্ড রিসার্চ) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের বি.এস.সি. কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৪টি (জেনাঃ)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ পূর্ব রেলে) ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২৬টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/মেকানিক্যাল (সি অ্যান্ড ডব্লু) :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল মেশিনিং, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল, টুলস অ্যান্ড মেশিনিং, টুলস অ্যান্ড ডাই মেকিং, অটোমোবাইল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৩)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১৬টি (জেনাঃ ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৩৮টি (জেনাঃ ২০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৬)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৩)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ মেকানিক্যাল (ডিজাইন অ্যান্ড ওয়ার্কশপ) :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৯৮টি (জেনাঃ ৩৯, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ২টি (জেনাঃ)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ ডিজেল মেকানিক্যাল :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৭টি (জেনাঃ ২, তঃজাঃ ৩, ও.বি.সি. ২)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ পূর্ব রেলে) ৫টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১৬টি (জেনাঃ ১০, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ মেকানিক্যাল / পাওয়ার :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ডিজেল ইলেক্ট্রিক্যাল :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ১টি (জেনাঃ)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১টি (জেনাঃ)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ডিজেল ইলেক্ট্রিক্যাল (ওয়ার্কশপ) :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/এস অ্যান্ড টি/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনফর্মেশন টেকনোলজি, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/এস অ্যান্ড টি / টেলিকমিউনিকেশন :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৩টি (জেনাঃ)। মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৩টি (জেনাঃ)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ১৮টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/এস অ্যান্ড টি / সিগন্যাল :** মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশেন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডে ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ২১টি (জেনাঃ ১৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট।** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার C1. নেওয়া হবে স্টোর্স বিভাগের স্টোর্স ডিপোর সাব-ডিপার্টমেন্টে। শূন্যপদ : কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (পূর্ব রেলে) ৫৯টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে (দক্ষিণ-পূর্ব রেলে) ৪৭টি (জেনাঃ ২২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ১৮ থেকে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচিছন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ ও মূল মাইনে : জুনিয়র ইঞ্জিনিয়ার, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেডেন্ট ও কেমিক্যাল মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে শূন্যপদ ৭,৯৩৪টি ও মূল মাইনে ৩৫,৪০০ টাকা আর কেমিক্যাল সুপারভাইজর, রিসার্চ অ্যান্ড মেটালার্জিক্যাল সুপারভাইজর পদে শূন্যপদ ১৭টি ও মূল মাইনে ৪৪,৯০০ টাকা। কলকাতা, শিলিগুড়ি ও মালদা রেল রিক্রুটমেন্ট বোর্ডের কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ তা দেওয়া হল। অন্যান্য রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ তা সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং Centralised Employment Notice No. CEN 03/2024.

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস-১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (২) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) জেনারেল সায়েন্স -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন।

দ্বিতীয় পর্যায়ের এই অনলাইন পরীক্ষায় ১৫০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (২) ফিজিক্স ও কেমিস্ট্রি - ১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৩) বেসিক কম্পিউটার অ্যান্ড অ্যাপ্লিকেশন - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৪) বেসিক এনভায়রণমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) টেকনিক্যাল এবিলিটি -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার আগে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। তখন পরীক্ষা দেওয়ার সময় ফটো আই.ডি. হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, পাসপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠানের আই.ডি. কার্ড নিয়ে যেতে হবে।

নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। পরীক্ষা হবে যে রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই বোর্ডের শহরের বিভিন্ন স্কুল-কলেজে। সবশেষে হবে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুলাই থেকে ২৯ আগস্টের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৩০ থেকে ৭০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১২ কপি নিজের কাছে রেখে দেবেন, পরবর্তী ধাপে পরীক্ষার জন্য লাগবে।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)। দরখাস্ত করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

আহমেদাবাদ, আজমীর, বিলাসপুর, চন্ডীগড়, চেন্নাই, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মুম্বই, মুজঃফরপুর, প্রয়াগরাজ, সেকেন্দরাবাদ, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ তা পরবর্তী সংখ্যায় দেওয়া হবে।

DPMI For a Brighter Career

DPMI PARAMEDICAL INSTITUTE KALYANI

ADMISSION OPEN

BACHELOR COURSES

MEDICAL LAB TECHNOLOGY
OPERATION THEATRE TECHNOLOGY
RADIOLOGY IMAGING TECHNOLOGY

DIPLOMA COURSES

DMLT DDT DENTAL & ORAL HYGIENIST
DOTT DCCT ASSISTANT PHYSIOTHERAPY
DEMT DRIT AND MANY MORE......

Branches:
Bagnan, Bardhaman, Berachampa, Behala, Durgapur, Howrah, Kalyani, Krishnanagar, Malda, Midnapore, Sodepur



F-30, Near by 3no. Railway Platform Kalyani, Nadia, 741235
www.dpmibangla.com | Ph: 7669955472


## হেলথকেয়ারে নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ :** মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের অমর বীনা হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড 'গ্রুপ-ডি', 'টেকনিশিয়ান (রেডিও ডায়াগনসিস, ইসিজি, ল্যাবরেটরি, টিএমটি)', 'ইউএসজি অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট', 'ডক্টর অ্যাটেন্ড্যান্ট' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। অষ্টম শ্রেণি পাশ করা ছেলেমেয়েরা 'গ্রুপ-ডি' পদে; মেডিক্যাল ল্যাবরেটরিতে ডিপ্লোমা করা ছেলেমেয়েরা 'টেকনিক্যাল' পদে, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'ডক্টরস অ্যাটেন্ড্যান্ট' পদের জন্য যোগ্য। এছাড়াও ANM/GNM পাশ করা ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। নিজের ফোন নং সহ বায়োডাটা পাঠাবেন এই মেল আই ডিতে: amarbinahealthcarepvtltd@gmail.com বায়োডাটা পাঠানোর শেষ তারিখ : 14.08.2024.

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিংয়ের ২য় পর্যায়ের পরীক্ষা

**নিজস্ব প্রতিনিধি, সল্ট লেক :** ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিংয়ের (আই.আই.পি.সি.ই.টি-২০২৪) ২য় পর্যায়ের পরীক্ষা হবে ৪ আগস্ট একযোগে কলকাতা, মুম্বাই, দিল্লি, হায়দরাবাদ, চেন্নাই ও আহমেদাবাদে। সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত লিখিত পরীক্ষা হবে। এরপর ওইদিনই দুপুর ২টো থেকে ইন্টারভিউ নেওয়া হবে। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে যাঁরা ২৮ জুলাই পরীক্ষায় বসতে পারেননি, তাঁরা এই ২য় রাউন্ডের পরীক্ষায় ওই একই অ্যাডমিট কার্ডে বসতে পারবেন।


মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশের পর কোর্স করে সরকারি স্বীকৃত সংস্থায় নিশ্চিত চাকরি

GLOBAL EDUCATION CENTRE

শিপ ম্যানেজমেন্ট এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করে বিভিন্ন সেক্টরে চাকরি নিয়ে নিজের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তুলুন





কোর্স ফি : ৫০,০০০ টাকা • কোর্স সময়কাল : ১২ মাস

কোর্স শুরু হওয়ার প্রথম ২ মাসের পর থেকেই ৮০০০ থেকে ১২০০০ টাকা আয় করার সুযোগ

কোর্স শেষ হওয়ার সাথে সাথেই স্থায়ী চাকরি Permanent Job

ভর্তির লিংক পাওয়ার জন্য আমাদের হেল্পলাইন নম্বরে ফোন করুন :

Cont. 9088455165 (10 am to 4 pm)
WhatsApp service available

Email : globaleducationcentrekol@gmail.com

Bagula, Nadia, West Bengal



H.S.-এর পর Confused??? Nursing হচ্ছে আপনার সাফল্যের চাবিকাঠি!!!

GOKUL INSTITUTE OF NURSING

Admission Open

B. SC (Nursing) 4 YEARS
Session: 2024-2028
Course Fees: Rs. 4,50,000

GNM 3 YEARS
Session: 2024-2027
Course Fees: Rs. 3,75,000

Approved by Health and Family Welfare Department, Govt. of West Bengal
Affiliated by WBNC, WBUHS & INC, New Delhi




Scholarship & Placement Assistance

Limited Seats Available

Contact Us Now

Digberia, Madhyamgram, Kolkata-700129 | Ph. No.: 9836652423
Email: nursinggokul@gmail.com | www.gokulnusing.org

AASTHA NURSING INSTITUTE



Scholarship & Placement Assistance

Admission Open

B. SC (Nursing) 4 YEARS
Session: 2024-2028
Course Fees: Rs. 4,00,000

GNM 3 YEARS
Session: 2024-2027
Course Fees: Rs. 3,20,000

Approved by Health and Family Welfare Department, Govt. of West Bengal
Affiliated by WBNC, WBUHS & INC, New Delhi

Limited Seats Available

Contact Us Now

Debipur, Jiaganj, Murshidabad, West Bengal, Pin: 742123 | Ph. No.: 6297067467
Email: nursinaastha@gmail.com | www.aasthanusing.org

# কম পুঁজিতে কাগজের ব্যাগ তৈরি

## ব্যবসা

১ পাতার পর



সুকৃৎ বসু

**শপিং ব্যাগের বাজার সম্ভাবনা :**

আজকাল সব জায়গায় কাগজের ব্যাগের ব্যবহার হয়। অনেক বড় প্রতিষ্ঠান নিজেদের দরকার অনুযায়ী প্রতিষ্ঠানের নামে কাগজের ব্যাগ অর্ডার দিয়ে তৈরি করায়। তাদের অর্ডার অনুযায়ী ব্যাগ তৈরি করে আয় করা সম্ভব। এছাড়া মিষ্টি ব্যবসায়ী, কাপড় বিক্রেতা, কনফেকশনারি ও অন্য ব্যবসায়ীরা তাদের প্রয়োজনমতো কাগজের ব্যাগ কেনেন। কোনো বড়ো মার্কেটের সামনে খোলা বাজারেও এই ব্যাগ বিক্রি হয়। পরিবেশ দূষণমুক্ত করতে পলিথিন ব্যাগের চাহিদা অনেক কমেছে। ফলে কাগজের তৈরি ব্যাগের কদর বেড়েছে।

পরিবেশ-বান্ধবতার কারণে সব কোম্পানি তাদের পণ্য কাগজের ব্যাগে প্যাক করতে চায়। কাগজের ব্যাগ বায়োডিগ্রেডেবল আর রিসাইকেবল। তাই কাগজের ব্যাগ তৈরির ব্যবসা এখন ভীষণ লাভজনক।

**কাগজের ব্যাগ তৈরির পদ্ধতি :**

দুটি পদ্ধতি রয়েছে—

**(১) ম্যানুয়ালি** — এটি খুব সময়সাপেক্ষ প্রক্রিয়া আর উৎপাদিত ব্যাগের পরিমাণও খুবই কম। কাগজের ব্যাগ তৈরির জন্য লাগবে কেবল আঠা, কাগজ, আর হাতে চালানো ১টি মেশিন। আপনার বিনিয়োগ কম। তাই কম লাভ পাবেন।

**(২) মেশিন দ্বারা** — স্বয়ংক্রিয় মেশিনগুলো চালানো খুবই সহজ। কেবল কাগজের রোলগুলি রাখতে হবে আর এটি স্বয়ংক্রিয়ভাবে ব্যাগ তৈরি করে। মেশিনটি ১ ঘণ্টায় প্রায় ৬০ কেজি কাগজের ব্যাগ তৈরি করতে পারে। আর ৮ ঘণ্টার শিফটে প্রায় ৪৮০ কেজি ব্যাগ উৎপাদন করতে পারবেন।

**কাগজের ব্যাগ তৈরির ব্যবসা কি লাভজনক :**

হ্যাঁ। কাগজের ব্যাগ তৈরির ব্যবসা ভারতে অবশ্যই লাভজনক। কিন্তু দীর্ঘমেয়াদে। উদাহরণস্বরূপ — ১৮ সেমি × ২৫ সেমি বিশিষ্ট ১টি কাগজের ব্যাগ তৈরিতে শ্রম আর উপাদান খরচ সহ প্রায় ৩.৪০ টাকা খরচ হবে আর তার বাজার দর সাড়ে ৩ টাকা। ফলে কাগজের ব্যাগ প্রতি লাভ ১০ পয়সা।

**কত টাকা পুঁজির দরকার :**

ম্যানুয়াল টাইপের পেপার ব্যাগ মেশিনের দাম প্রায় ৫০,০০০ টাকা।

আধা-স্বয়ংক্রিয় মেশিনের দাম ৩ লাখ টাকার কাছাকাছি।

আর পুরোপুরি স্বয়ংক্রিয় কাগজের ব্যাগ তৈরির মেশিনের দাম ৫ লাখ টাকা থেকে ৮ লাখ টাকার কাছাকাছি। উৎপাদন ক্ষমতা অনুযায়ী দাম বদলায়। পুরোপুরি স্বয়ংক্রিয় মেশিন প্রতি ঘণ্টায় প্রায় ১৫,০০০ পিসি উৎপাদন করতে পারে।

**কাগজের ব্যাগ তৈরির প্রশিক্ষণ :**

কাগজের ব্যাগ তৈরির দক্ষতা / নিপুণতা বাড়াতে প্রশিক্ষণ নেওয়া ভালো। তাতে নিখুঁতভাবে কাগজের ব্যাগ তৈরি করা সম্ভব। বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের কোর্স করানো হয় :

(১) Gandhi Centre for Rural Development, তিরুবনন্তপুরম, কেরালা-৬৯৫০০৪, মোবাইল : ৯৪৪৭১ ৫৪৩৩৮, ৯৪৯৫৯ ৫৪৩৩৮। ই-মেল : gcrdpulickan@gmail.com

(২) The Knowledge Academy, www.theknowledgeacademy.com, এমএস টাওয়ার্স, রোড নং- ১ ও ১০, হায়দরাবাদ। ফোন : +৯১ ৮০৩৭২৪৪৫৯১।

**কাগজের ব্যাগ প্লাস্টিকের চেয়ে ভালো :**

পরিবেশ বান্ধব আর টেকসই হওয়ার কারণে কাগজের ব্যাগ প্লাস্টিকের চেয়ে ভালো। বায়োডিগ্রেডেবল পদার্থ হওয়ায় এটি পুনর্ব্যবহার করা সহজ আর কম্পোস্টিং উদ্দেশ্যেও ব্যবহার করা যেতে পারে।

**কাগজের ব্যাগ তৈরির মেশিন কোথায় পাবেন :**

বিভিন্ন উৎপাদন ক্ষমতা অনুযায়ী কাগজের ব্যাগ তৈরির মেশিন বিভিন্ন দামে কিনতে পাওয়া যায় :

(১) Avtar, পুরোপুরি স্বয়ংক্রিয় কাগজের ব্যাগ মেশিন।

ক্ষমতা : প্রায় ১০,৫০০ ব্যাগ (প্রতি ঘণ্টায়)

দাম : ৫,০০,০০০ টাকা

Avtar Mechanical Works, মায়াপুরী, নিউ দিল্লি

ফোন : ৭৯৪২৭০৪৮২৬।

(২) Ronald, প্লট নং ২১০, সেক্টর- ৫৮, ফরিদাবাদ, ১২১০০৪

ফোন নং- ৯৯১০৩ ০৬২০৫ / ৯৯১০৩ ০৬২১০

info@ronaldweboffset.com

এছাড়াও IndiaMart.com-এ অনুসন্ধান করলে প্রচুর মেশিন সাপ্লায়ের হদিশ পাবেন।

**এই ব্যবসার লাইসেন্স আর নিবন্ধন :**

ছোটো আকারে কাগজের ব্যাগ তৈরির ব্যবসা শুরু করতে চাইলে ঘরে বসে করতে পারেন। এজন্য আপনার শুধুমাত্র ট্রেড লাইসেন্স দরকার।

কিন্তু আরো বড়ো কিছুর পরিকল্পনা করে থাকলে প্রথমে আপনার কোম্পানি রেজিস্ট্রার অফ কোম্পানিজ (ROC) এর সঙ্গে নিবন্ধন করতে হবে। তারপর স্থানীয় পুর কর্তৃপক্ষের কাছে ট্রেড লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। এরপর ওই ইউনিটকে ক্ষুদ্র শিল্প (SSI) হিসাবে নিবন্ধিত করতে হবে।

কাগজের ব্যাগ তৈরি করতে ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস (BIS) শংসাপত্রেরও দরকার পড়ে। এছাড়াও দরকার পড়ে —

(১) কোম্পানির বর্তমান অ্যাকাউন্ট নম্বর।

(২) GST Number

(৩) PAN

**উপযুক্ত অবস্থান এ ব্যবসার :**

উৎপাদন ইউনিটের জন্য প্রথমেই এমন জায়গা বাছতে হবে, যেখানে শ্রমিকের মজুরি কম, বিদ্যুতের চার্জ কম, ভাড়া কম আর পরিবহনের সুবিধা আছে। প্রায় ২০০০ বর্গফুটের একটা জায়গা হলেই যথেষ্ট।

**উপসংহার :**

কাগজের তৈরি ব্যাগের ব্যবসা যথেষ্ট লাভজনক। কিন্তু মুনাফা পেতে কিছুটা সময় লাগে। প্রথমে ম্যানুয়াল, পরে সেমি-অটোমেটিক আর শেষে পুরোপুরি স্বয়ংক্রিয় মেশিনে উৎপাদন করা উচিত ধাপে ধাপে।

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডাঃ কে. আর. অধিকারী কলেজে বিভিন্ন প্যারামেডিক্যাল কোর্সে ভরতি চলছে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : ডাক্তারিশাস্ত্র ঠিকমতো চালাতে হলে প্রচুর সাহায্যকারী হাত লাগে। এই সাহায্যকারী হাতটা ঠিক কি? কেমন? সেটা সম্পর্কে আমাদের অনেকেরই সেরকম কোনো ধারণা নেই। এঁদের বলা হয় Paramedics ও Allied Health Professionals; শুধু আমাদের দেশেই নয়, বিদেশেও এঁদের চাহিদা প্রচুর।

২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের affiliation নিয়ে পশ্চিমবঙ্গের প্রথম প্যারামেডিক্যাল কলেজ ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি (www.kradhikarycollege.org) স্থাপিত হয়। এই ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি কলেজই পশ্চিমবঙ্গে প্রথম কোনো বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্যারামেডিক্যাল ও অ্যালায়েড হেলথ সায়েন্সেস কলেজ। এখান থেকে উত্তীর্ণ ছেলেমেয়েরা West Bengal Allied Medical and Paramedical Council-এ নাম নথিভুক্ত করতে পারে ও নিজ নিজ ক্ষেত্রে কাজ করার জন্য সরকার থেকে রেজিস্ট্রেশন নম্বর পায়। এই কলেজ থেকে উত্তীর্ণ ছেলেমেয়েরা কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও বিভিন্ন health care industry-তে কাজ করছেন। এর মধ্যে উল্লেখযোগ্য সংস্থাগুলি হল কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি বিভাগ, কল্যাণী এইমস (AIIMS), পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের অধীন কল্যাণীর জে.এন.এম. মেডিক্যাল কলেজ, কলকাতার এন.আর.এস. মেডিক্যাল কলেজ, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ইত্যাদি, এছাড়া বেসরকারি হাসপাতালগুলির মধ্যে রয়েছে অ্যাপোলো হাসপাতাল, রুবি জেনারেল হাসপাতাল, বেলভিউ ক্লিনিক, জেনিথ সুপার স্পেশালিটি হাসপাতাল, টেকনোগ্লোবাল হাসপাতাল, গ্যালাক্সি হাসপাতাল, বি.এম.আর.সি., চার্ণক হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী হুগলী আই হাসপাতাল, লেন্সকার্ট, টাইটান আই প্লাস, ডাঃ লাল প্যাথল্যাব, সুশ্রুত আই হাসপাতাল ইত্যাদি।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কোর্সগুলি হল :

(1) Diploma in Optometrical Science and Ophthalmic Technique, (2) Diploma in Medical Laboratory Technique, (3) Diploma in Medical Radiology Technique, (4) Diploma in Physiotherapy Technique, (5) Diploma in Operation Theatre Technology, (6) Diploma in Critical Care Technology, (7) Diploma in Dialysis Technology, (8) Diploma in Physician Assistant And Essential Drug, (9) Diploma in Electrocardiogtaphy and Pulmonary Function Test, (10) Diploma in Dental Technology and Oral Hygiene.

২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের এই কোর্সগুলিতে বিজ্ঞানবিভাগে উচ্চমাধ্যমিক (১০+২) পাশ করা ছেলেমেয়েরা ভরতির জন্য বিবেচিত। যারা কলা (Arts) বা, বাণিজ্য (Commerce) বিভাগে উচ্চমাধ্যমিক (H.S.) (১০ + ২) পাশ করবে তারাও এই কোর্সগুলি করতে পারবে এক বছরের একটি ব্রীজ কোর্স (ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি) করার মাধ্যমে। এই ব্রীজ কোর্সের Marksheet ও Certificate-ও কল্যাণী বিশ্ববিদ্যালয় দেবে।

A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice) এই কোর্সটির মেয়াদ ১ বছর। যারা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অপ্টোমেট্রি ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ করেছেন তারা এই কোর্সটি করতে পারবে।

যেসব ছেলেমেয়েরা B.Sc. পাশ করেছেন বা, প্যারামেডিক্যাল ও অ্যালায়েড হেলথ সায়েন্সেসের ওপর ব্যাচেলর ডিগ্রি করেছেন তাদের জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পি.জি. ডিপ্লোমা কোর্স করারও সুযোগ রয়েছে এই বিষয়গুলির ওপর :

(1) Post-Graduate Diploma in Medical Laboratory Technology, (2) Post-Graduate Diploma in Medical Radiology Technology, (3) Post-Graduate Diploma in Operation Theatre Technology, (4) Post-Graduate Diploma in Dialysis Technology, (5) Post-Graduate Diploma in Critical Care Technology, (6) Post-Graduate Diploma in Geriatric Care Technology, (7) Post-Graduate Diploma in Hospital Administration.

এছাড়াও মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ১ বছর + ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের সার্টিফিকেট কোর্সগুলিও করতে পারেন

(1) Certificate in Community Medical Service and Essential Drug, (2) Certificate in Basic Practical Nursing, (3) Certificate in Sanitary Inspection.

এইসব কোর্সগুলি পাশ করার পর ছেলেমেয়েরা পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে ইন্টার্নশিপ করার সুযোগ পায়। এর মধ্যে উল্লেখযোগ্য কলকাতার আর.জি.কর. মেডিক্যাল কলেজ, এন.আর.এস. মেডিক্যাল কলেজ, কলকাতা মেডিক্যাল কলেজ, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল, সাগরদত্ত মেডিক্যাল কলেজ, বিদ্যাসাগর স্টেট জেনারেল হাসপাতাল, বারাসাত মেডিক্যাল কলেজ, মেদিনীপুর মেডিক্যাল কলেজ, বর্ধমান মেডিক্যাল কলেজ, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ, মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ, জে.এন.এম. মেডিক্যাল কলেজ, ব্যারাকপুর বি.এন.বোস. এস.ডি. হাসপাতাল, বাঁকুড়া মেডিক্যাল কলেজ ইত্যাদি।

যেসব ছেলেমেয়েরা এই কোর্সগুলি করতে চান তারা কে.আর. অধিকারী কলেজের কল্যাণী ক্যাম্পাসে যোগাযোগ করতে পারেন নীচের ঠিকানায়:

ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি, কল্যাণী ওয়েবেল আই.টি. পার্ক (ফেজ-২), পশ্চিমবঙ্গ সরকার, কল্যাণী, নদিয়া (কল্যাণী বুদ্ধপার্ক ও এস.পি. কার্যালয়ের কাছে), ৭৪১২৩৫। মোবাইল : 9339218894, 9477425536, 8100149510.

## কল্যাণীতে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

কেরিয়ারের ব্যাপারে কৌতূহল মেটাতে ভিড় করেন। এবার এই মেলায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ ও ইনস্টিটিউটের প্রায় ৪২টি স্টল ছিল। এলাকার বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা আর সদ্য উচ্চ মাধ্যমিক পাশরা এইসব স্টলে ঘুরে চাকরি পাওয়ার উপযোগী কোথায় কোন কোর্স পড়বে, তার সঠিক গাইডলাইন পেতে আর সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়ার ব্যাপারে নানান জিজ্ঞাসার উত্তর সরাসরি পেতেই হাজির হন। তবে কেউ কেউ আবার এখানে এলে চাকরি পাবে এই আশায় এসেছিলেন। তাদের বুঝিয়ে দেওয়া হয়, এটা জব ফেয়ার নয়, কেরিয়ার প্ল্যানিংয়ের ফেয়ার। প্রথাগত গ্র্যাজুয়েটরা যেমন সরকারি চাকরি পেতে কোন কোন প্রতিযোগিতামূলক পরীক্ষা দিতে পারবে আর কোন পরীক্ষার সিলেবাস কেমন তা যেমন এই ফেয়ারে এসে খোলাখুলি আলোচনায় স্পষ্ট জানতে পারে, তেমন সাধারণ মেধার ছেলেমেয়েরা কোথায় কোন শর্ট টার্ম পেশাদারি কোর্স পড়ে একালের উপযোগী অন্য ধরনের চাকরি বা নিজের পায়ে দাঁড়ানোর উপযোগী পরিষেবামূলক ব্যবসার জন্য তৈরি হতে পারে, তারও হাল হদিশ পান। তবে এই অঞ্চলে বিবাহিত ও অবিবাহিত তরুণীদের ভিড় আর আগ্রহ ছিল চোখে পড়ার মতো। ফেয়ার থেকে বেরিয়ে অনেক অনুসন্ধিৎসু ছেলেমেয়েকেই দেখা গেছে 'কর্মসংস্থান' আর 'সাফল্য' পত্রিকার চাকরির পরীক্ষার মডেল প্রশ্নোত্তর ধরে নীচতলার সোফায় বসে একান্তে প্র্যাক্টিশ করে চলেছেন। অনেকে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রস্পেক্টাস খুঁটিয়ে পড়ে পছন্দসই কোর্স বেছে আরো জিজ্ঞাসা মেটাতে স্টলে দৌড়োচ্ছেন। এই উদ্দেশ্যে দেওয়ার কাজের জন্যই জেলায়-জেলায় কেরিয়ার ফেয়ারের কর্মসূচি নিয়েছে 'কর্মসংস্থান' পত্রিকা গোষ্ঠী। ২ দিনের এই মেলায় ৪ জেলার প্রায় হাজারের ওপর ছাত্র-ছাত্রী আসে। তরুণ সমাজকে আরো সচেতন করার জন্য যে সংস্থান প্রকাশন দায়বদ্ধ।

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই

# চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

## পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদে কীভাবে চাকরি পেয়েছি



সন্তু দন্ড পাঠক

হুগলি জেলার পোলবা গ্রামের এক চাষির পরিবারের ছেলে আমি। বাবা (এখন প্রয়াত) ভাগচাষির কাজ করে আমাদের লেখাপড়া শেখান। পোলবা হাই স্কুল থেকে ২০০৫ সালে মাধ্যমিক আর ২০০৭ সালে শরচন্দ্র ইনস্টিটিউশন থেকে উচ্চমাধ্যমিক পাশ করি। ২০১২ সালে পোলবা মহাবিদ্যালয় থেকে আর্টস শাখায় ডিগ্রি কোর্স পাশ করি। এরপর বাবাকে সাহায্য করার জন্য চাষের কাজে হাত লাগাই। সেই সঙ্গে সরকারি চাকরির জন্য পড়াশোনার কথা ভাবি। 'কর্মসংস্থান' পড়ে তাহেরপুর কবিতা কুঠিরের কথা জানতে পেরে ২০১৫ সালে সেখানে ভরতি হই। আবাসিক প্রশিক্ষণ হলেও দরকারে বাড়ি চলে আসতাম। ২০১৫ সাল থেকে টানা ২০১৮ সাল পর্যন্ত ৮ থেকে ১০টা সরকারি চাকরির পরীক্ষা দিই। তার মধ্যে ছিল পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ, মিসলেনিয়াস, ফায়ার সার্ভিস-এর ফায়ার অপারেটর, জেল পুলিশ ইত্যাদি। একাধিক চাকরির পরীক্ষার লিখিত পরীক্ষায় সফল হলেও শেষ পর্যন্ত চূড়ান্ত পর্যায়ে বাদ পড়ায় ভেঙে পড়ি। সেসময় তাহেরপুর কবিতা কুটিরের আচার্য ভবদেব বিশ্বাস আমাকে উদ্বুদ্ধ করেন ও সাহস জোগান। ২০১৮ সালের ডিসেম্বর মাস নাগাদ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করি। শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয় মাধ্যমিক পাশ। শারীরিক মাপজোখের মধ্যে লম্বায় চাওয়া হয় ১৬৭ সেমি আর ওজন চাওয়া হয় ৬০ কেজি। শূন্যপদ ছিল ৮,৪১৯টি।

নতুন উদ্যমে ফের প্রস্তুতি নেওয়া শুরু করি। লিখিত পরীক্ষার সঙ্গে-সঙ্গে নিয়মিত দৌড়েরও অনুশীলন করি। প্রস্তুতির জন্য কোচিংয়ের নোটস পড়ি। নিয়মিত মহড়া পরীক্ষায় বসে নিজেকে তিল তিল করে তৈরি করি। পাশাপাশি নিয়মিত পড়ি 'কর্মসংস্থান' পত্রিকা। ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস কমিশনের মাধ্যমে প্রার্থী বাছাইয়ের পরীক্ষা নেওয়া হয়। ৪টি পর্যায়ে পরীক্ষা হয়। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ছিল এইসব বিষয় : জেনারেল স্টাডিজ, জেনারেল ইন্টেলিজেন্স ও অঙ্ক। নেগেটিভ নম্বর ছিল। ৪টি ভুলের জন্য ১ নম্বর কাটা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করার পর নেওয়া হয় শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষা হয় দুর্গাপুরে। এখানে প্রথমে দেখা হয় শারীরিক মাপজোখ। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছিল সাড়ে ৬ মিনিটে ১৬০০ মিটার দৌড়। নিয়মিত দৌড়ের অনুশীলন ছিল বলে সাড়ে ৫ মিনিটের মধ্যে দৌড় শেষ করি। এই পরীক্ষায় সফল হওয়ার পর নেওয়া হয় মেইন পরীক্ষা। ৮৫ নম্বরের মেইন পরীক্ষায় ছিল এইসব বিষয় : জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, অঙ্ক ও ইংরিজি। ৮৫ নম্বরের মধ্যে ৬০টি প্রশ্নের সঠিক উত্তর লিখতে পেরে আশা ছিল ইন্টারভিউয়ে ডাক পাব। সেই আশা পূরণ হয়।

ইন্টারভিউয়ের প্রস্তুতির জন্য ব্যরবার মহড়া ইন্টারভিউয়ে বসে ভয় দূর করি। আমার ইন্টারভিউ হয় চন্দননগর পুলিশ কমিশনারেটে। বোর্ডে ছিলেন ৬-৭ জন সদস্য। আমার নাম সন্তু শুনে জানতে চাওয়া হয়, এই নাম বাংলার কোন উপন্যাসে আছে ও লেখকের নাম কী? সঠিক জবাব দেওয়ার পর বাংলা সাহিত্য থেকে অনেক প্রশ্ন করা হয়। ডিগ্রি কোর্সে বাংলা আমার বিষয় ছিল। এরপর জানতে চাওয়া হয় কেন পুলিশে চাকরি করতে আসছি। উত্তর শুনে খুশি হয়ে তারপর আমার সঙ্গে পুলিশ দফতরের নানান ব্যাপারে গল্প করা হয়। ৮-১০ মিনিট ধরে আমার ইন্টারভিউ চলে।

চূড়ান্ত সফল হয়ে ২০২২ সালের ১৮ এপ্রিল রাজ্য পুলিশের কনস্টেবল পদে যোগ দিই। কৃষ্ণনগর ৯ ব্যাটেলিয়নে ৬ মাসের ট্রেনিংয়ে ছিলাম। এখন পোস্টিং হয়েছে শিয়ালদহের জিআরপি-তে। নিজের অভিজ্ঞতায় বলতে পারি, সাফল্যের কোনো শর্টকাট পথ নেই। চাকরি পাওয়ার একটাই শর্ত- ধারাবাহিকভাবে চর্চার মধ্যে থাকা আর কঠোর পরিশ্রম। প্রতিটি বিষয়ে সমান নজর দিতে হবে। সবক্ষেত্রে চটপট উত্তর লেখার কৌশল রপ্ত করতে হবে। সেজন্য দরকার সঠিক গাইডেন্স। আমার সাফল্যের পেছনে কোচিংয়ের শিক্ষকদের পরামর্শর পাশাপাশি রয়েছে বাবা-মায়ের আর্শীবাদ।


পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

সার ও কীটনাশক-এর লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় এবং কর্মমুখী ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে সীমিত আসনে ভর্তি চলছে

মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

নিজস্ব সংবাদদাতা : সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, লাইসেন্স কন্টিনিউ করতে হলে সরকারি নিয়ম অনুসারে আজ বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই আবার ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukulinstitute.org.in


## স্টেট ব্যাঙ্কে ২৭৩ অফিসার

১ পাতার পর

কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৪-২০২৩'এর হিসাবে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে বছরে ৬-১৫ লাখ টাকা। শূন্যপদ : ২৭৩টি (জেনাঃ ৬২, ও.বি.সি. ৩৮, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৫, ব্যাকলগ ১২৩)। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD / SCO / 2024-25/09.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। কবে কোথায় ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে জানতে পারবেন। কোনো কল লেটার ডাকে পাঠানো হবে না। সরাসরি ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ৮ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sbi.co.in / http://bank.sbi/careers এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও অনলাইনে নাম রেজিস্ট্রেশন করার আগে পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, বয়স, আই.ডি. প্রুফ, অভিজ্ঞতার সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য প্রমাণপত্র জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্মাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয় যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


ANNADA COLLEGE, HAZARIBAG
JHARKHAND
Required ASSISTANT PROFESSOR on contractual basis in the departments of -
PHYSICS - CHEMISTRY - SOCIOLOGY - BANGLA - B.Voc. (SOFTWARE DEVELOPMENT)
For details : Kindly visit the college website
or contact - 9113398036
https://annadacollege.ac.in
Sd/- Secretary


## কেন্দ্রীয় সরকারে ২০০৬

১ পাতার পর

শূন্যপদ ২,০০৬টি।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৪ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে অক্টোবর-নভেম্বরে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। পরীক্ষা হবে পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪৪১০), পোর্ট ব্লেয়ার (৪৮০২), গ্যাংটক (৪০০১), কটক (৪৬০৫), সম্বলপুর, (৪৬০৯), দিসপুর (গুয়াহাটি) (৫১০৫), শিলচর (৫১১১), আগরতলা (৫৬০১), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), ইটানগর (৫০০১), কোহিমা (৫৩০৩), পটনা (৩২০৬), ভুবনেশ্বর (৪৬০৪) ও রাঁচি (৪২০৫)। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৩টি পার্টে — (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

সফল হলে স্কিল টেস্ট। গ্রেড-সি স্টেনো পদের বেলায় মিনিটে ১০০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৪০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

গ্রেড-ডি স্টেনো পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৫০টি শব্দ-তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন ১৮ আগস্টের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ২৭ ও ২৮ আগস্টের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430



গত বছরের মতো 'এ' বছরেও
• PSC ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায়
• কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
• RPF কনস্টেবল ও রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পরীক্ষায়
• Combined Graduate Level পরীক্ষায়
WBCS Main-এর কম্পালসারি ৬টি পেপার
'Common' পেতে
আর
সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ
সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান
হেল্প লাইন : 6291684943
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

সাম্প্রতিক তথ্য তত্ত্ব

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে* **E-mail** *করুন এই নম্বরে :* **karmajiggasa@gmail.com** *ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## প্রাইমারির

■ *বি.এড. কোর্স পাশ হলে কি প্রাইমারি 'টেট'এর জন্য দরখাস্ত করতে পারব? — সেলিমা খাতুন, নীলগঞ্জ, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পারবেন না। প্রাইমারি টিচারের জন্য ডি.এল.এড. কোর্স পাশ হতে হবে। তবে আপার প্রাইমারির জন্য 'টেট' দিতে হলে বি.এড. প্রার্থীরা যেমন পরীক্ষা দিতে পারবে, তেমনি ডি.এল.এড. পাশ প্রার্থীরাও যোগ্য।

■ *এবছর কি প্রাইমারির 'টেট' পাশদের ইন্টারভিউ হবে? কবে থেকে শুরু হবে? ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল কবে বেরোবে? — অর্পিতা মাঝি, নবদ্বীপ, নদিয়া। পুলক ঘোষ, দীঘা, পূর্ব মেদিনীপুর।*

■■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল খুব শিগগিরই বেরোবে। তারপর ২০২২ ও ২০২৩ সালের প্রাইমারি 'টেট' পাশদের জন্য ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি বেরোবে।

## ডাকবিভাগের

■ *ডাক বিভাগে গ্রামীণ ডাক সেবক পদে দরখাস্ত নেওয়া চলছে। শহরাঞ্চলের প্রার্থীরা কি আবেদন করতে পারবে? — হিমাদ্রীশেখর রায়, পূর্ব বিবেকানন্দপল্লী, শিলিগুড়ি।*

■■ যে যে এলাকায় শূন্যপদ আছে, সেখানকার স্থানীয় বাসিন্দা হতে হবে। শহরাঞ্চলের যেখানে শূন্যপদ আছে, সেখানকার প্রার্থীরা যোগ্য।

■ *গ্রামীণ ডাক সেবক পদে প্রার্থী বাছাই কীভাবে হয়? শুধুমাত্র কি মাধ্যমিকের নম্বর দেখা হয় না, উচ্চমাধ্যমিকের নম্বরও দেখা হয়? — তপতী বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হয়। তবে এটি স্বয়ংক্রিয় প্রথায় মেধা তালিকা তৈরি হয়। অর্থাৎ, অনলাইনে দরখাস্ত করার সময় কোনো প্রার্থী ভুল নম্বর দিয়ে থাকলে তার মেধা তালিকা তৈরির সময় ওই নম্বরটিই দেখা হবে। সেক্ষেত্রে নম্বর কম-বেশি হলে সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় ধরা পরে যাবেন।

■ *গ্রামীণ ডাক সেবক পদের বেলায় যদি মার্কশীটে নম্বরের বদলে গ্রেড থাকে তাহলে কীভাবে মেধা তালিকা তৈরি হবে? — মনোজ বিশ্বাস, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা।*

■■ গ্রেড থাকলে তার সঙ্গে ৯.৫ দিয়ে গুণ করে যেটি হবে, সেটিই হবে নম্বর। অর্থাৎ, কারো গ্রেড যদি ৮.৫ হয়, তাহলে তার নম্বর হবে ৮০.৭৫%।

■ *গ্রামীণ ডাক সেবক পদে মাধ্যমিকের নম্বরের ওপর যখন মেধা তালিকা তৈরি হয়, তখন কি পুরনো ও নতুন প্রার্থীদের জন্য একই পদ্ধতি দেখা হয়? যাঁরা ১০ বছর আগে পাশ করেছে আর যাঁরা এখন পাশ করেছে সবার ক্ষেত্রে নম্বর কি সমানভাবেই দেখা হয়, না পুরনো প্রার্থীদের ছাড় দেওয়া হয়? — অভিজিৎ মুখার্জী, পালপাড়া, শিলিগুড়ি।*

■■ আপনি দরখাস্তে যে নম্বর দেখাবেন, তা দেখে কম্পিউটারে স্বয়ংক্রিয়ভাবে মেধা তালিকা তৈরি হয়ে যাবে। ধরা যাক, ২০১৪ সালের কোনো প্রার্থী ও ২০২৩ সালের কোনো প্রার্থীর শতকরা হার ৯৫%, সেক্ষেত্রে প্রথমে বয়স্কদের অগ্রাধিকার দেওয়া হবে, তারপর মহিলা প্রার্থী, তপশিলী উপজাতি, তপশিলী জাতি, ও.বি.সি. ইত্যাদি প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

■ *গ্রামীণ ডাক সেবক পদের বেলায় কোনো কোনো ক্ষেত্রে দেখা গেছে ৯৫% নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাননি, কিন্তু ৯০% নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পেয়েছেন। এরকম কেন হয়? — সন্দীপ পাল, বেলদা, পূর্ব মেদিনীপুর।*

■■ বহু ক্ষেত্রেই দেখা গেছে, ৯০% নম্বর পাওয়া প্রার্থী মেধা তালিকায় স্থান পেয়েছে কিন্তু ৯৫% নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাননি। এটির কারণ হল, কোনো কোনো কেন্দ্রে দেখা গেল যতজন প্রার্থী দরখাস্ত করেছিলেন, তার মধ্যে সর্বাধিক নম্বর পেয়েছে ৯০%। তাহলে সেই কেন্দ্রে ৯০% নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাবেন। আবার কোনো কেন্দ্রে দেখা গেল সর্বাধিক নম্বর ৯৬% হয়েছে। সেক্ষেত্রে ৯৫% নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাবেন না।

■ *গ্রামীণ ডাক সেবক পদে যে লোক নেওয়া হচ্ছে, এই পদটি কি স্থায়ী চাকরি না, ক্যাজুয়াল চাকরি? — সুরজিৎ পাল, কালনা, বর্ধমান।*

■■ এই পদটি স্থায়ী চাকরি হিসাবে ধরা হয়। ৬৫ বছর বয়সে অবসর নেওয়া যায়। তখন গ্র্যাচুইটি পাওয়া যায়। এছাড়াও এই পদ থেকে পদোন্নতির সুযোগ আছে এম.টি.এস., পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ইত্যাদি পদে। তবে সেক্ষেত্রে বিভাগীয় পরীক্ষা দিয়ে সফল হতে হয়।

## রেলে চাকরির

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদের পরীক্ষা কবে হবে? — বিশাল খামরু-ই, কুমারিয়া, রসপুর, আমতা, হাওড়া।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স লাগে? প্রার্থী বাছাই পদ্ধতি কেমন হয়? মেয়েদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হয় কি? — জাকির হোসেন, হরিদেবপুর, মুর্শিদাবাদ। অনুপ শাসমল, আমতা, হাওড়া। তনুশ্রী দত্ত, আরামবাগ হুগলি।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যেকোনো ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। তবে আই.টি.আই. পাশ হওয়া বাধ্যতামূলক নয়। ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন.এ.সি.) কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে, তবে এবার বয়স ৩ বছর বাড়তে পারে অর্থাৎ, বয়স হতে হবে ১৮ থেকে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট, শারীরিক সক্ষমতার পরীক্ষা, ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। কম্পিউটার বেসড টেস্ট পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স -২৫ নম্বর, (২) অঙ্ক-২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় দেড় ঘন্টা। কলকাতা, রাঁচী, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (একবার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন।

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষায় কি বয়স ৩ বছর বাড়ানো হবে? — অরিত্র ঘোষ, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ হ্যাঁ, বয়স ৩ বছর বেড়ে ৩৬ বছর করা হতে পারে।

## স্কুল সার্ভিসের

■ *আপার প্রাইমারির জন্য ডিগ্রি কোর্সে ৫০% নম্বর চাওয়া হয়। এখানে পাস, অনার্স না, পাস-অনার্স মিলিয়ে ৫০% নম্বর থাকতে হবে? — অসীম কুণ্ডু। অর্পিতা দত্ত, হুগলি।*

■■ পাস, অনার্স কিংবা পাস - অনার্স মিলিয়ে যেকোনো একটিতে ৫০% নম্বর পেলেই যোগ্য।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

**রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।**

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও ITI | ২,৪২৪ | ১৫-৮-২৪ | www.rrccr.com |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | HS, ITI ডিপ্লোমা | ৭০ | ৫-৮-২৪ | www.npcilcareers.co.in |
| আই.টি.বি.পি. পুলিশে এডুকেশন কাউন্সেলর | গ্র্যাজুয়েট | ১১২ | ৯-৮-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে এম.টি.এস. ও হাবিলদার | মাধ্যমিক | ৮,৩২৬ | ৩১-৭-২৪ | www.ssc.gov.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ৩৭৯ | ১৪-৮-২৪ | www.joinindianarmy.nic.in |
| এন.টি.পি.সি.-তে মাইনিং সির্দার, সুপারভাইজর | ডিপ্লোমা | ১৩৬ | ৫-৮-২৪ | www.careers.ntpc.co.in |
| নর্থ ইস্টার্ন ইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৩০ | ৮-৮-২৪ | www.neepco.co.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | গ্র্যাজুয়েট ও এন.সি.সি. পাশ | ৭৬ | ৯-৮-২৪ | www.joinindianarmy.nio.in |
| ডাকবিভাগে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক | ৪৪,২২৮ | ৫-৮-২৪ | www.indiapostgdsonline.gov.in |
| ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৩৬২ | ২১-৮-২৪ | www.iocl.com |
| প্রতিরক্ষা সংস্থায় চার্জম্যান | আই.টি.আই. | ৭৩৪ | ২-৮-২৪ | www.joinindiannavy.gov.in |
| ইন্ডিয়ান ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ১,৫০০ | ৩১-৭-২৪ | www.Indianbank.in |
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে ট্রেডসম্যান | আই.টি.আই. | ৫১ | ১৮-৮-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| JIPMER-এ টেকনিশিয়ান নার্সিং অফিসার | গ্র্যাজুয়েট, নার্সিং | ১৭৫ | ১৯-৮-২৪ | www.jipmer.edu.in |
| রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার, সুপারভাইজর | ডিপ্লোমা পাশ | ৭,৯৫১ | ২৯-৮-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

**রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।**

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ৪ আগস্ট | www.wbjeeb.in |
| WBCS-2023-মেইনস পরীক্ষা | ১৬, ১৭, ১৮, ২০ আগস্ট | www.pscwb.org.in |
| NTA -UGC NET পরীক্ষা | ২১ আগস্ট-৪ সেপ্টেম্বর | https://ugcnet.nta.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | ১৬-১৭ নভেম্বর | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ১৫ সেপ্টেম্বর | www.wbpsc.gov.in |
| Constable (GD) পরীক্ষা | জানুয়ারি-ফেব্রুয়ারি, ২৫ | www.ssc.gov.in |
| SSC-CGL-পরীক্ষা | সেপ্টেম্বর-অক্টোবরে | www.ssc.nic.in |
| SSC-MTS-2024-পরীক্ষা | অক্টোবর-নভেম্বরে | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | আগস্ট-অক্টোবর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১৫ ডিসেম্বর | www.wbpsc.gov.in |
| PSC- অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা | ২৭ অক্টোবর | www.wbpsc.gov.in |
| IBPS ক্লার্ক পরীক্ষা | আগস্ট | www.ibps.in |
| UPSC-CAPF (Ac)-2024 পরীক্ষা | ৪ আগস্ট | www.upsc.nic.in |

# কম্পালসারি বাংলা

**PAPER-I**

## BENGALI LETTER WRITING, DRAFTING OF REPORTS, PRÉCIS WRITING, COMPOSITION AND TRANSLATION

### উত্তরপত্র

১।(ক)

সম্পাদক সমীপেষু,
আনন্দবাজার পত্রিকা, ৩০ জুলাই, ২০২৪
৬, প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা - ৭০০ ০০১

বিষয় : সাহিত্য পাঠের গুরুত্ব

মহাশয়,

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্য সম্পর্কে লিখেছেন, 'প্রকৃত সাহিত্যে আমরা আমাদের কল্পনাকে, আমাদের সুখ-দুঃখকে শুধু বর্তমানকালে নহে, চিরন্তন কালের মধ্যে প্রতিষ্ঠিত করিতেছি।' সাহিত্য মানুষের জীবনবেদ ও সমাজের বৃহত্তম দর্পণ রূপে প্রতিভাত হয়। সামাজিক জীবনের সুখ-দুঃখ, আশা-আকাঙ্খা, কামনা-বাসনাকে সাহিত্যিকরা আপন মনের মাধুরী মিশিয়ে উপস্থাপন করেন। সাহিত্যিকরা সমকালের বাস্তবতাকে অবলম্বন করে চিরন্তন শাশ্বতকালের বাণী বহন করে আনেন। সাহিত্য পাঠে মানুষ আত্মসমীক্ষায় বিশ্বজীবনবোধের মঙ্গলচেতনায় চিত্তকে উদ্বোধিত করতে পারে। সাহিত্য মানুষের মানবিক মূল্যবোধের সুকুমার বৃত্তিগুলি জাগ্রত করে। মানুষ সাহিত্য পাঠে ব্যক্তি জীবনের সংকীর্ণতা থেকে বৃহত্তম সমাজের আনন্দলোকের সন্ধান পায়। সাহিত্য মানুষের চেতনাবোধ জাগ্রত করে সত্য-শিব-সুন্দরের সন্ধান দেয়। সমাজের বঞ্চিত, অবহেলিত, শোষিত, লাঞ্ছিত গণদেবতার পদধ্বনি সাহিত্যে শুনতে পাওয়া যায়। বাস্তবজীবনের আঘাত-সংঘাত, দুঃখ-শোক, নৈরাশ্য-পরাজয় মানুষকে ক্লান্ত ও বিষণ্ণ করে। সাহিত্য পাঠে মানুষ কঠোর বাস্তবতা থেকে মানসিক শান্তি লাভ করে। সম্প্রতি সোশ্যাল মিডিয়া যুবসমাজকে সাহিত্য পাঠ থেকে দূরে সরিয়ে দিচ্ছে। সমাজে মানবিক মূল্যবোধের অবক্ষয় ডেকে আনছে। আধুনিক বিচ্ছিন্নতাবাদের জীবনে সাহিত্য পাঠের গুরুত্ব বিশেষভাবে উপলব্ধ হচ্ছে।

আপনার পত্রিকায় আমার অভিমত প্রকাশ করে আমায় বাধিত করবেন। নমস্কারান্তে —

বিনীত
স্থান — Y X

১।(খ)

সম্পাদক সমীপেষু,
আনন্দবাজার পত্রিকা, ৩০ জুলাই, ২০২৪
৬, প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা - ৭০০ ০০১

বিষয় : সমাজে বৃদ্ধ-বৃদ্ধাদের অসহায় অবস্থা

মহাশয়,

কবি মধুসূদন দত্ত লিখেছেন, 'জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে, / চিরস্থির কবে নীড়, হায় রে, জীবন-নদে?' প্রকৃতির বিধানে মানুষ শৈশব থেকে বার্ধক্যে উপনীত হয়। ভারতে সরকারিভাবে ষাটোর্ধ্ব মানুষদের প্রবীণ নাগরিক হিসাবে গণ্য করা হয়। রাষ্ট্রসঙ্ঘের তথ্য অনুযায়ী, ভারতে ১২ কোটিরও বেশি প্রবীণ মানুষ বসবাস করেন। মনস্তত্ত্ববিদরা ষাটোর্ধ্ব মানুষদের 'সিলভার সুনামি' নাম দিয়েছেন। 'সিলভার সুনামি'তে মানুষের আচার-ব্যবহার, ভাবনা-চিন্তা, চাহিদা ও রুচির পরিবর্তন হয়। প্রবীণ নাগরিকদের এই সমস্যা উপলব্ধি করার মানসিকতা নবীন প্রজন্মের থাকে না। ভারতে ঊনবিংশ শতাব্দীর একান্নবর্তী পরিবারের ভাঙন প্রবীণ নাগরিকদের নিঃসঙ্গতা বাড়িয়ে দিয়েছে। সমাজে বৃদ্ধ-বৃদ্ধাদের একাকিত্ব, হতাশা ও অবসাদে আত্মঘাতী হওয়ার প্রবণতা বাড়ছে। আধুনিক সমাজ পরিত্যক্ত আসবাবপত্রের মতো প্রবীণ নাগরিকদের হিসাবের বাইরে রেখে দিচ্ছে। সভ্যতার ইতিহাসে বৃদ্ধ-বৃদ্ধাদের নির্যাতনের কলঙ্কজনক অধ্যায় রচিত হচ্ছে। কেন্দ্রীয় সরকার ২০০৭ সালে প্রবীণ নাগরিকদের রক্ষণাবেক্ষণে আইন তৈরি করেছে। পশ্চিমবঙ্গ সরকারের 'ভরসা' ও কলকাতা পুলিশের 'প্রণাম' প্রকল্পটি বৃদ্ধ-বৃদ্ধাদের দেখাশোনায় উল্লেখযোগ্য ভূমিকা নিচ্ছে। আমাদের সামাজিক মূল্যবোধ বাড়িয়ে বৃদ্ধ-বৃদ্ধাদের সমস্যাগুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা করতে হবে।

আপনার পত্রিকায় আমার অভিমত প্রকাশ করে আমায় বাধিত করবেন। নমস্কারান্তে —

বিনীত
স্থান — Y X

2. ভারতীয় গণতন্ত্র ও মহিলা ভোটার

'সেদিন সুদূর নয়/ যেদিন ধরণী পুরুষের সাথে গাহিবে নারীরও জয়।' কবি নজরুলের বাণীর পূর্ণ প্রতিফলন ঘটছে বর্তমান ভারতীয় গণতন্ত্রে। সম্প্রতি ভারতের লোকসভা বা বিধানসভা নির্বাচনে মহিলা ভোটারদের অনুকূলে আনার মরিয়া চেষ্টা সব রাজনৈতিক দলের। নির্বাচনে মহিলাদের আর্থিক ও সামাজিক সুবিধাদানের জন্য ছুটছে। বলাবাহুল্য, ভারতের মতো দরিদ্র দেশের মহিলারা নিঃশব্দ বিপ্লব ঘটিয়ে ফেলছেন। ভারতে মহিলাদের ভোটদান রাজনৈতিক পালা বদলে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৪ সালের ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসের থিম ছিল, 'নারীর ওপর বিনিয়োগ করলে উন্নয়ন গতি পায়।' রাজনৈতিক বিশ্লেষকদের মতে, পশ্চিমবঙ্গের 'লক্ষ্মীর ভাণ্ডার', 'কন্যাশ্রী', 'রূপশ্রী' ও কর্ণাটকে 'গৃহ লক্ষ্মী'র মতো নারীকেন্দ্রিক প্রকল্প শাসকদলকে ক্ষমতায় ফিরিয়ে এনেছে। সম্প্রতি মধ্য প্রদেশ, রাজস্থান, ছত্তিশগড়, তেলেঙ্গানার রাজ্য নির্বাচনে মহিলা ভোটারদের প্রভাব পড়েছে। মহিলারা যেখানে বেশি ভোট দিয়েছেন সেখানে তাদের অনুকূলে সরকার প্রতিষ্ঠিত হয়েছে। ২০২৪ সালের লোকসভা ভোটেও মহিলা ভোটাররা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন। প্রসঙ্গত, এসবিআই'এর রিপোর্ট বলছে, ২০২৯ সাল থেকে দেশে মহিলা ভোটারদের সংখ্যা পুরুষ ভোটারদের ছাড়িয়ে যাবে। ক্ষমতা দখলের রাজনীতিতে ক্রমশ নিয়ন্ত্রক শক্তি হয়ে উঠছেন মহিলারা।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
CLERKSHIP
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৩০০/-টাকা
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান

## WBCS মেইনস-এ

### বাংলা আবশ্যিক বিষয়ে কীভাবে প্রস্তুতি নেবেন



২০২৩ সালের ডব্লুবিসিএস মেইনস পরীক্ষা হবে ১৬, ১৭, ১৮ ও ২০ আগস্ট। মেইনস পরীক্ষায় আবশ্যিক বাংলা বিষয়ে কীভাবে উত্তর লিখলে নম্বর বেশি পাওয়া যাবে আর এবারের মেইনস পরীক্ষায় কেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তা নিয়ে গত সপ্তাহে যে প্রশ্নপত্র দেওয়া হয়েছিল, এবার তার উত্তর নিয়ে আলোচনা করছেন অভিজ্ঞ শিক্ষক ও লেখক **প্রশান্ত নেমো**

রাষ্ট্রপুঞ্জের ঘোষণা অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে বিশ্বে সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যে রাজনীতিতে মহিলাদের নেতৃত্বদান অপরিহার্য। অথচ রাষ্ট্রপুঞ্জের সমীক্ষা বলছে, সারা বিশ্বে ক্যাবিনেট মন্ত্রিসভায় মহিলাদের স্থান মাত্র ২২.৮%। ভারতের সাংসদ ও বিধায়ক পদে মহিলাদের উপস্থিতি কম হলেও ভোটের ময়দানে তাঁদের গুরুত্ব বেড়েছে। মহিলারা আজ যেন নিজেদের শক্তিকে চিনতে পারছেন। আর এই কারণেই দেশের রাজনৈতিক দলগুলির এখন পাখির চোখ মহিলা ভোটাররা।

দেশের শ্রীবৃদ্ধি

৩। বাংলাদেশের নাগরিক সমাজজীবনে ধন ও ঐশ্বর্যের অসম বন্টনে বর্তমানে মানুষের ব্যক্তিগত ভোগমুখীনতা বেড়েছে। গ্রামীণ জীবনকে বঞ্চিত করে নাগরিক জীবনে কৃত্রিম সমৃদ্ধি দেখা দিয়েছে। বাংলাদেশের গ্রাম্য মানুষের জীবন দারিদ্র, অনাহার ও নিরানন্দময় পরিবেশে নিস্তব্ধ হয়ে আছে। অন্যদিকে, নাগরিক সমাজের মানুষও প্রকৃত সুখ ও শান্তির সন্ধান পায় না। গ্রাম্য জীবন বঞ্চিত করে নাগরিক সমৃদ্ধিকে দেশের প্রকৃত সমৃদ্ধি বলা যায় না।

৪।ক) বাংলায় নবজাগরণ বিকাশধর্মী মানবিকতার সাক্ষ্য বহন করে। ভারতচন্দ্রের কাব্যে অনেকে নবজাগরণের সূচনা প্রত্যক্ষ করেছেন। ভারতচন্দ্রের কাব্যে দেবদেবীরা মানব-মানবীর মতো আচরণ করেছেন। লেখক ভারতচন্দ্রকে নবজাগরণের সূচনা মানতে পারছেন না। ভারতচন্দ্রের দেবদেবীরা যুগধর্মের তাড়নায় মানব-মানবী সুলভ আচরণ করেছেন। ভারতচন্দ্রের কাব্যের দেবদেবীদের পতনধর্মীতা প্রাধান্য পেয়েছে। নবজাগরণের বিকাশশীল মানবিকতার পরিচয় নেই। দেবদেবীদের চরিত্র ও আচরণে নবজাগরণের মহৎ উদ্দেশ্য নেই। মধ্যযুগের মঙ্গল কাব্যগুলিতে দেবদেবীদের একই মানসিকতা চিত্রিত হয়েছে। বাংলায় নবজাগরণ পতন উন্মুখ জীবনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। ভারতচন্দ্রের সময় থেকে বাংলার নবজাগরণের সূচনা স্বীকার করা যায় না।

৪।(খ) অষ্টাদশ শতাব্দীর বাংলা সাহিত্যে রামপ্রসাদ বিখ্যাত কবি ছিলেন। রামপ্রসাদের কালকে অনেকে বাংলার নবজাগরণের সূচনাকাল রূপে মনে করেন। লেখক রামপ্রসাদকে বাংলার নবজাগরণের সূচনা মনে করেন না। সমকালীন যুগে রামপ্রসাদের দৃষ্টিভঙ্গির জন্য জনপ্রিয়তা ব্যাপক ও গভীরভাবে ছড়িয়ে পড়েছিল। বাংলায় নবজাগরণের অন্যতম প্রাণপুরুষ রামকৃষ্ণ পরমহংসদেব রামপ্রসাদের ভাবধারায় অবগাহন করেছিলেন। রামপ্রসাদের জীবনবোধে মধ্যযুগীয় আচরণের প্রভাব পড়েছে। তাঁর সাধনা ইহলোকবিমুখ আধ্যাত্মিক জগতে যাত্রা করেছে। বাংলায় নবজাগরণ বৈরাগ্য সাধনে মুক্তির প্রার্থনা করে না। রামপ্রসাদের বৈরাগ্যবাদী ভাবধারাকে বাংলার নবজাগরণের সূচনা ধরা যায় না।

৪।(গ) ঊনবিংশ শতাব্দীর সূচনায় ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠিত হয়। লেখক ফোর্ট উইলিয়ম কলেজকে বাংলায় নবজাগরণের সূচনা মনে করেন না। ফোর্ট উইলিয়ম কলেজ ইংরেজদের সামাজিক প্রয়োজনে প্রতিষ্ঠিত হয়েছিল। এই কলেজে বাংলা গদ্যের সূচনা হয়েছিল। ফোর্ট উইলিয়ম কলেজের বাংলা গদ্যের ঐতিহাসিক মূল্য আছে। গদ্যগুলির সাহিত্যমূল্য কিছু ছিল না। বাংলা গদ্যের উদ্ভব হলেও সাহিত্যরস বঞ্চিত ছিল। বাংলার জনজীবনে গদ্যগুলি কোনো প্রভাব ফেলতে পারেনি। নবজাগরণ কোনো একটি দেশ বা জাতির আমূল পরিবর্তনের চিহ্ন বহন করে। দেশ ও জাতির সামাজিক, অর্থনৈতিক, ঐতিহাসিক জাগরণের তাৎপর্য বহন করে। ফোর্ট উইলিয়ম কলেজ বাংলার জনজীবনের ওপর প্রভাব ফেলতে পারেনি। লেখক ফোর্ট উইলিয়ম কলেজকে বাংলায় নবজাগরণের সূচনা বলতে পারছেন না।

৪।(ঘ) লেখক বাংলায় নবজাগরণের সূচনা বলতে মনুষ্যত্বের সাধক রামমোহন রায়ের কলকাতায় বসবাসের সময়কালকে বোঝাতে চেয়েছেন। ১৮১৫-'১৬ সালে রামমোহনের 'বেদান্ত গ্রন্থ' ও তার ইংরিজি অনুবাদের প্রকাশকালকে লেখক বাংলায় নবজাগরণের শুভ সূচনা মনে করেন। রামমোহনের 'বেদান্ত গ্রন্থ' প্রকাশের ফলে মানব মনে নতুন এক চেতনার জন্ম হয়। ভারতবর্ষের চিন্তা-চেতনায় নতুন ধারা উদ্বোধিত হয়। রামমোহনের 'বেদান্ত গ্রন্থ' ধর্ম সংস্কারমূলক গ্রন্থ ছিল। তিনি মানবচৈতন্যের উদ্বোধনের জন্য ধর্মগ্রন্থ প্রকাশ করেছিলেন। রামমোহনের বহুমুখী কর্ম প্রচেষ্টায় তাঁর জীবনসংলগ্ন ধর্মবোধের পরিচয় ফুটে ওঠে। লেখক রামমোহনকেই বাংলা নবজাগরণের প্রাণপুরুষ রূপে গণ্য করেছেন।

৫। নেপোলিয়ন তাঁর মাকে শ্রদ্ধা করতেন ও ভালোবাসতেন। তিনি বলতেন যে, তাঁর মায়ের ভালোবাসা, সহানুভূতি ও চেষ্টার ফলেই পরিবারের খ্যাতি এসেছিল। তাঁর নিজের মহত্ত্ব মায়ের শিক্ষার ফলে তৈরি হয়েছিল। তাই তিনি বলতেন, 'আমার মতে, একটি শিশুর ভালো বা মন্দ আচরণ সম্পূর্ণ শিশুর মায়ের ওপর নির্ভর করে।' তিনি ফরাসি সরকারের ক্ষমতালাভের পর যেসব কাজ করেছিলেন, সেগুলির মধ্যে প্রথমেই ছিল, মানুষ যেসব আরাম ও বিলাসের স্বপ্ন দেখেন তার সব কিছুই মায়ের জন্য ব্যবস্থা করা। নেপোলিয়ন নারীশিক্ষার জন্য বিদ্যালয় স্থাপন করেছিলেন। তিনি বিশ্বাস করতেন যে, শিক্ষিতা মায়েরাই যথার্থ মা ও মহীয়সী নারী ও তাঁরাই সমাজের মানোন্নয়ন করতে পারেন।

## ১৪,২৮৮ স্টেশন মাস্টার, ক্লার্ক

১ পাতার পর

ভারতীয় রেল বোর্ডের ডিরেক্টর বিদ্যাধর শর্মা এক বিজ্ঞপ্তিতে (No.2024/E(RRB) 25/13/Pt.2) এই শূন্যপদের কথা জানান। রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত নেওয়া শেষ হলেই 'নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.)'র জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে। সম্ভবত আগস্টের শেষ সপ্তাহ থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, শূন্যপদ ও প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল। আরো বিস্তারিত তথ্য পাবেন বিজ্ঞপ্তি বেরোনোর পর :

**স্টেশন মাস্টার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ৯৬৩টি।

**জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ১,৩৭১টি।

**সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ৭২৫টি।

**গুডস ট্রেনস ম্যানেজার (আগে ছিল গুডস গার্ড) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ২,৬৮৪টি।

**চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরেরমধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ১,৭৩৭টি।

**কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ২১,৭০০ টাকা। শূন্যপদ : ১,৯৮৫টি।

**অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৩৬১টি।

**জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৯৯০টি।

**ট্রেন্স ক্লার্ক :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-3. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৬৮টি।

সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন রেল রিক্রুটমেন্ট বোর্ডে ক'টি শূন্যপদ তা মূল বিজ্ঞপ্তিতে থাকবে।

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০% ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে স্টেশন মাস্টার পদের বেলায় কম্পিউটার বেসড স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

ট্রেন্স ক্লার্ক, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর, গুডস ট্রেন্স ম্যানেজার পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন অনলাইনে, রেলের সংশ্লিষ্ট ওয়েবসাইটে। তখন নির্দিষ্ট ফী দিয়ে দরখাস্ত করতে হবে। কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা ওয়েবসাইটে পাবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট কোনটি : আহমেদাবাদ RRB'র বেলায় www.rrbahmedabad.gov.in, আজমীর RRB'র বেলায় www.rrbajmer.org, এলাহাবাদ RRB'র বেলায় www.rrbald.nic.in, ব্যাঙ্গালোর RRB'র বেলায় www.rrbbnc.gov.in, ভূপাল RRB'র বেলায় www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর RRB'র বেলায় www.rrbbbs.gov.in, বিলাসপুর RRB'র বেলায় www.rrbbilaspur.gov.in, চন্ডীগড় RRB'র বেলায় www.rrbcdg.gov.in, চেন্নাই RRB'র বেলায় www.rrbchennai.gov.in, গোরক্ষপুর RRB'র বেলায় www.rrbgkb.gov.in, গুয়াহাটি RRB'র বেলায় www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর RRB'র বেলায় www.rrbjammu.nic.in, কলকাতা RRB'র বেলায় www.rrbkolkata.gov.in, মালদা RRB'র বেলায় www.rrbmalda.gov.in, মুম্বাই RRB'র বেলায় www.rrbmumbai.gov.in, মজঃফরপুর RRB'র বেলায় www.rrbmuzaffarpur.gov.in, পটনা RRB'র বেলায় www.rrbpatna.gov.in, রাঁচী RRB'র বেলায় www.rrbranchi.org, সেকেন্দরাবাদ RRB'র বেলায় www.rrbsecunderabad.nic.in, শিলিগুড়ি RRB'র বেলায় www.rrbsiliguri.org, তিরুবনন্তপুরম RRB'র বেলায় www.rrbthiruvananthapuram.gov.in




## রিজার্ভ ব্যাঙ্কে ৮৮

১ পাতার পর

৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫৫,২০০-৯৯,৭৫০ টাকা। শুরুতে ২ বছর প্রবেশন। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৬)।

**অফিসার, গ্রেড-বি (ডি.আর.) -ডি.ই.পি.আর :** অর্থনীতি, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, ফিনান্সিয়াল ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, অ্যাগ্রিকালচারাল ইকনমিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

ইকনমিক্স বা, ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. /পি.জি.ডি.এম. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। অর্থনীতির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

গবেষণা বা, শিক্ষকতার কাজে অভিজ্ঞতা ও নামি জার্নাল প্রকাশনায় দক্ষতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। মাইনে ওপরের মতো। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ১)।

**অফিসার, গ্রেড-বি (ডি.আর.) - ডি.এস.আই.এম. :** স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, ইকোনমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফমেটিক্স, অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফমেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

অঙ্কের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আর স্ট্যাটিস্টিক্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য।

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট থেকে স্ট্যাটিস্টিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী জাতি ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও আবেদনের যোগ্য।

সংশ্লিষ্ট বিষয়ে ডক্টরেট ডিগ্রি থাকলে অগ্রাধিকার পাবেন। গবেষণা বা, শিক্ষকতার কাজে অভিজ্ঞতা ও নামি জার্নাল প্রকাশনায় দক্ষতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৭টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০২৪'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২৭-১৯৯৪ থেকে ১-৭-২০০৩'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। যাঁরা এম.ফিল. বা, ডক্টরেট করছেন, তাঁরা যথাক্রমে ২ ও ৪ বছর বয়সে ছাড় পাবেন। বাণিজ্যিক ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসাবে কাজ করার অভিজ্ঞতা থাকলে সর্বোচ্চ ৩ বছর বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার এই পরীক্ষা দিতে পারবেন। তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস. ও প্রতিবন্ধীদের বেলায় কোনো কড়াকড়ি নেই। প্রার্থী বাছাই করবে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সার্ভিসেস বোর্ড। সব পদের বেলায় প্রথমে অনলাইন পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে: কলকাতা, গ্রেটার কলকাতা,আসানসোল, শিলিগুড়ি, কল্যাণী, হুগলি।

অফিসার, গ্রেড-বি (ডি.আর.) জেনারেল পদের বেলায় প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর। দ্বিতীয় পর্যায়ের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষা হবে ১৯ অক্টোবর।

ডি.ই.পি.আর. আর গ্রেড-বি (ডি.আর.) ডি.এস.আই.এম. পদের বেলায় প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ১৪ সেপ্টেম্বর। ডি.পি.ই.আর. ও ডি.এস.আই.এম. পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষা হবে ২৬ অক্টোবর।

সব পর্যায়ের পরীক্ষার সিলেবাস ওয়েবসাইটে পাবেন। সফল হলে ইন্টারভিউ। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rbi.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর আর ফটো ও সিগনেচার আপলোড করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal; Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com